# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DECEMBER 2019**
**SECOND YEAR (BATCH 2018-21)**
**BENGALI (Honours)**
**Paper : III**

Date : 11/12/2019
Time : 11 am - 3 pm
Full Marks : 80

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। (১০)

বাংলা নাটকসাহিত্যের ইতিহাসে দীনবন্ধু মিত্রের ভূমিকা আলোচনা করো।

**অথবা**

বাংলা নাটকসাহিত্যের ইতিহাসে পৌরাণিক এবং সামাজিক নাটকের ধারায় গিরিশচন্দ্রের ভূমিকা আলোচনা করো।

২। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। (১০)

'কৃষ্ণকুমারী নাটক'-এর গঠনবৈশিষ্ট্য আলোচনা করো।

**অথবা**

'কৃষ্ণকুমারী নাটক'-এর মদনিকা এবং কৃষ্ণকুমারী চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। (১০)

দ্বিজেন্দ্রলাল রায়ের 'সাজাহান' নাটকে জাহানারা চরিত্রের গুরুত্ব আলোচনা করো।

**অথবা**

ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকের সার্থকতা বিচার করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। (১০)

বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে কবি ঈশ্বরগুপ্তের অবদান আলোচনা করো।

**অথবা**

বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে সুকুমার রায়ের অবদান আলোচনা করো।

৫। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। (১০)

রবীন্দ্রনাথের 'জীবনদেবতা' কবিতায় 'নবীন জীবনডোরে' বাঁধা পড়ার আকাঙ্ক্ষা কেন প্রকাশ পেয়েছে ব্যাখ্যা করো।

**অথবা**

রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতার রূপকার্থ ব্যক্ত করে এই কবিতার পাঠ প্রতিক্রিয়ায় তোমার মৌলিক অভিমত ব্যক্ত করো। (৮+২)

৬। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। (১০)

প্রবাস জীবনে কবি মধুসূদন দত্তের কবিমানসে কপোতাক্ষ নদ যে প্রভাব ফেলেছে তা 'কপোতাক্ষ নদ' সনেটটি অবলম্বনে আলোচনা করো।

**অথবা**

"হর জগতের বিরহ-আঁধার/ দাও গো অমৃত-দীক্ষা?" — 'অমৃত-দীক্ষা' বলতে কী বোঝানো হয়েছে— কবি করুণানিধান বন্দ্যোপাধ্যায়ের 'জীবন-ভিক্ষা' কবিতা অবলম্বনে আলোচনা করো।

৭। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। (১০)

মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো। সাহিত্য সংরূপ হিসেবে মহাকাব্যের বিলুপ্তির কারণ সম্পর্কে তোমার যুক্তি লেখো। (৪+৬)

**অথবা**

হাইকু, লিমেরিক ও ভিলানেল — সংরূপগুলির বৈশিষ্ট্য একটি করে উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

৮। যে-কোনো **<u>একটি</u>** প্রশ্নের উত্তর লেখো। (১০)

ট্রাজেডির সংজ্ঞা লেখো। ট্রাজেডির বৈশিষ্ট্যগুলো আলোচনা করো। ট্রাজেডির শ্রেণিগুলির নাম উল্লেখ করো। বাংলা ভাষায় লেখা একটি সার্থক ট্রাজেডি বিশ্লেষণ করে দেখাও। (২+৩ +২+৩)

**<u>অথবা</u>**

পৌরাণিক নাটকের সংজ্ঞা লেখো। একটি পৌরাণিক নাটকের দৃষ্টান্ত দিয়ে এই ধারার নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। (৩ + ৭)

—————— × ——————